গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

E-mail: sbgc.gov.college@gmail.com
Website: www.sbgcp.edu.bd
মোবাইল: ০১৩১৯-১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর- ৬৭ /২০২৬ তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি.

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নির্দেশনা মোতাবেক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত **প্রকৃত দরিদ্র** শিক্ষার্থীদের এ কলেজের **(www.sbgcp.edu.bd)** ওয়েবসাটে ০৫/০২/২০২৬ তারিখে আপলোডকৃত উপবৃত্তির ফরম সংগ্রহ করে যথাযথভাবে পুরণপূর্বক আগামী ১৬/০২/২০২৬ তারিখের মধ্যে অফিস কক্ষ ১০১ নং রুমে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। **উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য আবেদন করলেই বা শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না।** আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বিশেষ সফটওয়্যারের মাধ্যমে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।

**'শিক্ষার্থী আবেদন ফরম' এর সাথে যেসকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

১. আবেদন ফরমের উপর অবশ্যই শ্রেণি রোল, গ্রুপ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) ও মোবাইল নম্বর লিখতে হবে।
২. শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবনের ফটোকপি (১৭ সংখ্যা)- ০১ কপি;
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)- ০১ কপি করে;
৪. পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসেবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে উক্ত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)- ০১ কপি;
৫. এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ কপি;
৬. এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি- ০১ কপি;
৭. আবেদনকারী প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
৮. আবেদনকারীর অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
৯. আবেদনকারী কোন দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
১০. আবেদনকারীর পরিবারের কোন সদস্য জন্মগত বা দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।

**উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:**

১. জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

২. পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

৩. এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।

৪. মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে **তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে** এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।

**উল্লেখ্য যে, অসম্পূর্ণ আবেদন ফরম সরাসরি বাতিল বলে গণ্য হবে। উপবৃত্তির আবেদন বাধ্যতামূলক নয়।**

Buddin
০৫/০২/২৬
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
২। শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম।
৩। অফিস নথি।